



হাদির হামলাকারীদের ধরিয়ে দিতে ৫০ লাখ টাকা পুরস্কার: স্বরাষ্ট্র উপদেষ্টা



সংগৃহীত ছবি

ইনকিলাব মঞ্চের মুখপাত্র ও ঢাকা-৮ আসনের স্বতন্ত্র সংসদ সদস্য প্রার্থী শরিফ ওসমান হাদির ওপর হামলাকারীদের ধরিয়ে দিতে ৫০ লাখ টাকা পুরস্কার ঘোষণা করেছে সরকার। শনিবার স্বরাষ্ট্র উপদেষ্টা জাহাঙ্গীর আলম চৌধুরী সাংবাদিকদের এ তথ্য জানান।

তিনি বলেন, হামলার সঙ্গে জড়িতদের শ্রেণিতে আইনশৃঙ্খলা বাহিনী সর্বোচ্চ গুরুত্ব দিয়ে কাজ করছে। পুলিশ ইতোমধ্যে হামলায় জড়িত একজনকে প্রাথমিকভাবে শনাক্ত করেছে। তার সম্পর্কে কোনো তথ্য পেলে তাৎক্ষণিকভাবে পুলিশকে জানাতে অনুরোধ করা হয়েছে। তথ্যদাতার পরিচয় গোপন রাখা হবে এবং উপযুক্ত পুরস্কার দেওয়া হবে।

এদিকে অবৈধ অস্ত্র উদ্ধার ও সন্ত্রাস দমনে ‘অপারেশন ডেভিল হ্যান্ট’-এর পরবর্তী ধাপ আরও জোরদার করা হচ্ছে। উল্লেখ্য, শুক্রবার দুপুরে রাজধানীর বিজয়নগরে রিকশায় যাওয়ার সময় মোটরসাইকেলযোগে আসা দুর্বৃত্তরা খুব কাছ থেকে গুলি করে পালিয়ে যায়। গুরুতর আহত অবস্থায় ওসমান হাদিকে প্রথমে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে এবং পরে এভারকেয়ার হাসপাতালে ভর্তি করা হয়।